

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd



নং-৩৪.০০.০০০০.০৫১.৭২.০০১.২০(যুক্ত)-২৭

তারিখ : ২০ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ
০৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : যুবকল্যাণ তহবিল হতে ২০১৯-২০২০ অর্থবছরে যুব সংগঠনকে অনুদান প্রদানের লক্ষে অনলাইন আবেদন দাখিল এবং প্যানেল বোর্ড অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক তা প্রেরণের সময় পুনঃনির্ধারণ।


সূত্র : এ মন্ত্রণালয়ের স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৭২.০০১.২০(যুক্ত)-২০, তারিখঃ ১৮ মার্চ, ২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুবকল্যাণ তহবিল থেকে ২০১৯-২০২০ অর্থবছরে যুব সংগঠনকে প্রকল্পভিত্তিক অনুদানের প্রদানের নিমিত্ত অনুদানের বিজ্ঞপ্তির অনুলিপি সহ নির্দেশনাসমূহ সূত্রস্থ স্মারক মারফত প্রেরণ করা হয়। ইতঃপূর্বে প্রদত্ত নির্দেশনাসমূহ অপরিবর্তিত রেখে বর্তমানে যুব সংগঠন কর্তৃক অনলাইন আবেদন দাখিলের সময়সীমা বর্ধিতকরণ এবং প্যানেল বোর্ড অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ কর্তৃক তা প্রেরণের সময় নিম্নরূপভাবে পুনঃ নির্ধারণ করা হয়েছে :

ক.	যুব সংগঠন কর্তৃক অনলাইনের মাধ্যমে আবেদন দাখিলের সময়সীমা বর্ধিতকরণ	:	৩০ জুন, ২০২০ পর্যন্ত
খ.	উপজেলা/ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক যুব সংগঠনসমূহের আবেদনসমূহ সুপারিশসহ অতিরিক্ত জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের পুনঃ সময়সীমা	:	০১ জুলাই হতে ২০ জুলাই/ ২০২০ পর্যন্ত = ২০ দিন।
গ.	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা ইউনিট কার্যালয় থেকে প্রাপ্ত আবেদনসমূহ অতিরিক্ত জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সুপারিশসহ জেলা কার্যালয় প্রেরণের পুনঃ সময়সীমা	:	২১ জুলাই হতে ০৫ আগস্ট, ২০২০ পর্যন্ত = ১৫ দিন।
ঘ.	উপজেলা/থানা ইউনিট কার্যালয় থেকে প্রাপ্ত আবেদনসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সকল আনুষ্ঠানিকতা শেষে জেলা যাচাই-বাছাই কমিটির মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণের পুনঃ সময়সীমা	:	০৬ আগস্ট হতে ৩১ আগস্ট, ২০২০ = ২৫ দিন।

২। উল্লেখ্য, যুব সংগঠন কর্তৃক অনলাইন আবেদন দাখিলের জন্য সময় বর্ধিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের জন্য ইতোমধ্যে দৈনিক যুগান্তর ও বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৩। এমতাবস্থায়, উপর্যুক্ত ছকে প্রদর্শিত পুনঃনির্ধারিত সময় সংশ্লিষ্ট সকলকে অবহিতপূর্বক ইতঃপূর্বে প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক যুব সংগঠন কর্তৃক দাখিলকৃত অনলাইন আবেদনসমূহ নির্ধারিত সময়ের মধ্যে যথানিয়মে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(দিলরুবা শারমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৫৫০৯

উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
জেলা কার্যালয়

.....।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত সচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল, বা/এ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সকল) [তাঁর অধীনস্থ মহানগরির ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং সকল উপজেলা নির্বাহী অফিসার-কে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে নির্দেশনা প্রদানের অনুরোধসহ]।

- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা (ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত যুব সংগঠনের আবেদনসমূহ সুপারিশপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে জেলার সংশ্লিষ্ট উপপরিচালক বরাবর অনলাইনে প্রেরণের অনুরোধসহ)।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল) [এ বিষয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে অনলাইনে প্রাপ্ত আবেদনে তাঁর সুপারিশ প্রদানপূর্বক নির্ধারিত সময়ে জেলার সংশ্লিষ্ট উপপরিচালক বরাবর অনলাইনে প্রেরণের অনুরোধসহ] ।
- ৮। প্রোগ্রামার, আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। প্রোগ্রামার, আইটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। জনাব শামীম আহমেদ, প্রোজেক্ট ম্যানেজার, Swift Solution, মিরপুর, ঢাকা (অনলাইন আবেদন দাখিলের সময় বর্ধিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি লিংককরণসহ উপযুক্ত ছক মোতাবেক পুনঃ নির্ধারিত তারিখ সংশ্লিষ্টদের প্যানেল বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১১। অফিস কপি।